# সিটিজেন চার্টার ঃ

কর্মসংস্থান ব্যাংক রাষ্ট্রীয় মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান। ব্যাংকের প্রধান কার্যালয়, ১ রাজউক এভিনিউ, ঢাকা-১০০০ এ অবস্থিত। সমগ্র দেশে রয়েছে ব্যাংকের ১৫টি আঞ্চলিক কার্যালয় ও ২১১টি শাখার নেটওয়ার্ক। জেলা সদরে ৬৪ টি, প্রধান শাখা, ঢাকা ব্যতীত ঢাকা মহানগরীতে ০৬টি এবং উপজেলা সদরে ১৪১টি শাখার মাধ্যমে ব্যাংক নিম্নোক্ত সেবা প্রদান করছে ঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১.০০ | **ঋণ কর্মসূচী ঃ** | | | |
| | (ক) | **নিজস্ব কর্মসূচী ঃ** | ঃ | দেশের বেকার বিশেষ করে শিক্ষিত বেকার যুবদের আত্ম-কর্মসংস্থানে ক্ষুদ্র ঋণ প্রদান কর্মসূচী ; |
| | (খ) | **ক্ষুদ্র ব্যবসা ঋণ কর্মসূচী (SECP)** | ঃ | দেশের বেকার বিশেষ করে শিক্ষিত বেকার যুবদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ব্যবসা ঋণ কর্মসূচী (***Small Enterprise Credit Program***) ; |
| | (গ) | **বিদেশে কর্মসংস্থান ঋণ কর্মসূচী** | ঃ | বিদেশে কর্মসংস্থানের লক্ষ্যে বিদেশ গমনেচ্ছুক বেকার যুবদের মাঝে ঋণ প্রদান কর্মসূচী ; |
| | (ঘ) | **সরকারের বিশেষ কর্মসূচী** | ঃ | (১) কৃষিভিত্তিক শিল্পে ঋণ প্রদান কর্মসূচী ; |
| | | | | (২) শিল্প কারখানা/প্রতিষ্ঠানের স্বেচ্ছা-অবসরপ্রাপ্ত / কর্মচ্যূত শ্রমিক/কর্মচারীদের কর্মসংস্থানে জামানত বিহীন ক্ষুদ্র ঋণ প্রদান কর্মসূচী ; |
| | | | | **(৩) বাঝুঁকানিশিনি**-বাংলাদেশে ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত শিশুশ্রম নিরসন কল্পে ঋণ প্রদান কর্মসূচী (EHCLB-*Eradication of Hazardous Child Labour in Bangladesh*); |
| | (ঙ) | **(ক) কনজুমারস ক্রেডিট (খ) বিভিন্ন কর্মচারী ঋণ** | ঃ | ব্যাংকে কর্মরত সকল স্থায়ী কর্মকর্তা-কর্মচারীদের বিভিন্ন ভোগ্যপণ্য সামগ্রী ক্রয়ে / মটর সাইকেল ক্রয়ে / গৃহ নির্মাণে ঋণ প্রদান কর্মসূচী । |
| ২.০০ | **কর্মসূচীর উদ্দেশ্য** | | ঃ | (ক) ক্ষুদ্র ও মাঝারী শিল্পের বিকাশের লক্ষ্যে প্রয়োজনীয় ঋণ সুবিধা প্রদান ; |
| | | | | (খ) গ্রামীণ পর্যায়ে শিল্প বিকাশের সুযোগ সৃষ্টি ; |
| | | | | (গ) জিডিপি’তে ক্ষুদ্র ও মাঝারী শিল্পের অবদান বৃদ্ধি ; |
| | | | | (ঘ) কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ; |
| | | | | (ঙ) দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে সরকার ঘোষিত দারিদ্র্য বিমোচন কর্মসূচী বাস্তবায়নে ঋণ সহায়তা ; |
| | | | | (চ) দেশে একটি যোগ্য উদ্যোক্তা শ্রেণী গড়ে তোলা ; |
| | | | | (ছ) ঋণকে *Relationship Banking* নির্ভর করে ঋণ প্রদান ও আদায়ের প্রবাহ সৃষ্টি; |
| | | | | (জ) মেধা সম্পদকে *Venture Capital* এর বিকল্প হিসেবে গড়ে উঠতে সহায়তা। |

| | | | |
|---|---|---|---|
| ৩.০০ | **ঋণ পাওয়ার যোগ্যতা** | ঃ | (ক) উদ্যোক্তাকে বাংলাদেশের নাগরিক হতে হবে ; |
| | | | (খ) শাখার অধিক্ষেত্রের স্থায়ী বাসিন্দা হতে হবে। স্থায়ী বাসিন্দা না হলে শাখার অধিক্ষেত্রের একজন স্থায়ী বাসিন্দাকে ঋণের গ্যারান্টার হতে হবে ; |
| | | | (গ) বেকার / অর্ধ বেকার হতে হবে ; |
| | | | (ঘ) বয়স সাধারণত ১৮ হতে ৪৫ বছর হতে হবে। তবে পুরাতন ঋণ গ্রহীতাদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য ; |
| | | | (ঙ) উদ্যোক্তাকে ইকুইটি বহনের ক্ষমতা থাকতে হবে (*প্রযোজ্য ক্ষেত্রে*) ; |
| | | | (চ) প্রকল্প পরিচালনার বিষয়ে উপযুক্ত প্রশিক্ষণ/ অভিজ্ঞতা থাকতে হবে ; |
| | | | (ছ) ঋণ ব্যবহারের যোগ্যতাসহ ঋণ পরিশোধের ক্ষমতা ও আর্থিক আচরণে সুনামের অধিকারী হতে হবে ; |
| | | | (জ) অন্য কোন ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, এনজিও অথবা বেসরকারী প্রতিষ্ঠান থেকে ঋণ খেলাপী হলে ঋণ পাওয়ার যোগ্য হবেন না ; |
| | | | (ঝ) ঋণ নীতিমালার অন্যান্য নিয়মাবলী অনুসরণে সক্ষম হতে হবে। |
| ৪.০০ | **ঋণ প্রস্তাবের সাথে প্রদেয় কাগজপত্রাদি** | ঃ | (০১) প্রকল্প এলাকায় অবস্থিত ব্যাংকের ঋণ প্রদানকারী শাখায় নির্ধারিত ফরমে ঋণের আবেদন ; |
| | | | (০২) আবেদনকারীর সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ; |
| | | | (০৩) গ্যারান্টারের সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ; |
| | | | (০৪) আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের উভয় পাশের সত্যায়িত ফটোকপি (বাধ্যতামূলক নহে) ; |
| | | | (০৫) উদ্যোক্তা/গ্যারান্টারের স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র হিসেবে স্থানীয় ইউ.পি চেয়ারম্যান / পৌর মেয়র / সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র ; |
| | | | (০৬) শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি; |
| | | | (০৭) প্রশিক্ষণ/অভিজ্ঞতার সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) ; |
| | | | (০৮) ভাড়া/লীজ এর ক্ষেত্রে প্রমানপত্র / ব্যবস্থাপকের প্রত্যয়নপত্র ; |
| | | | (০৯) (ক) প্রকল্পস্থানের মালিক গ্যারান্টার হলে গ্যারান্টারের সম্মতিপত্র ; |
| | | | (খ) ভাড়া/লীজকৃত হলে ভাড়া চুক্তিপত্র / লীজ পত্রের কপি। |
| | | | (১০) যন্ত্রপাতি ক্রয়ের ঋণের ক্ষেত্রে সরবরাহকারী প্রতিষ্ঠানের ০৩টি দরপত্র (*প্রযোজ্য ক্ষেত্রে*) ; |
| | | | (১১) ৫০,০০০.০০ টাকার উর্ধ্বে ঋণের ক্ষেত্রে ট্রেড লাইসেন্সের কপি; |
| | | | (১২) ড্রাগ লাইসেন্সের কপি (*ঔষধের দোকানের ক্ষেত্রে*); |
| | | | (১৩) প্রকল্প / শিল্প প্রতিষ্ঠানের আয়-ব্যয় বিবরনী। |
| ৫.০০ | ঋণ প্রস্তাবের সাথে প্রদেয় দলিলাদি | (০১) <u>১,০০,০০০.০০ টাকা পর্যন্ত ঋণ জামানতবিহীন</u> ঃ | |
| | | (ক) | ১,০০,০০০.০০ টাকা পর্যন্ত ঋণের বিপরীতে উদ্যোক্তা / গ্যারান্টারের স্থায়ী বাসিন্দার প্রমান স্বরূপ প্রযোজ্য ক্ষেত্রে গৃহিতব্য কাগজপত্র/দলিলপত্র ; |
| | | (০১) | **<u>ওয়ারিশসূত্রে প্রাপ্ত সম্পত্তির ক্ষেত্রে ঃ</u>**- এসএ খতিয়ান ও সর্বশেষ জরিপের খতিয়ানের সত্যায়িত ফটোকপি এবং ঐ খতিয়ান নিজের নামে না থাকলে ওয়ারিশান সার্টিফিকেট |
| | | **<u>(০২) কবলা/দানপত্র/লীজ/দেওয়ানী আদালতের ডিক্রি সূত্রে প্রাপ্ত সম্পত্তির ক্ষেত্রে ঃ-</u>** | |
| | | ক) | কবলা/ দানপত্র/লীজপত্র/দলিলের আসল কপি, দেওয়ানী আদালতের রায়/ডিক্রির সহিমোহর নকলের সত্যায়িত ফটোকপি ; |
| | | খ) | কবলা/দানপত্র সূত্রে মালিকানা প্রাপ্ত হলে দলিল গ্রহীতার নামের খতিয়ান। দলিল গ্রহীতার নামের খতিয়ান না থাকলে বিক্রেতা / দানপত্র দাতার নামের খতিয়ানের সত্যায়িত ফটোকপি ; |

| | | | |
|---|---|---|---|
| ৫.০০ | **ঋণ প্রস্তাবের সাথে প্রদেয় দলিলাদি** | গ) | আদালতের ডিক্রি সূত্রে মালিকানা প্রাপ্ত হলে সেক্ষেত্রে ডিক্রিসূত্রে খতিয়ানের আসল অথবা সহি মোহর নকলের সত্যায়িত ফটোকপি ; |
| | | ঘ) | তবে, ঋণের বিপরীতে কোন গ্যারান্টার না থাকলে এবং উদ্যেক্তার নিজ নামীয় সম্পত্তি জামানত রেখে ঋণ গ্রহণ করলে জামানতি সম্পত্তির মূল দলিলাদি। |
| | | **১,০০,০০০.০০ টাকার উর্ধ্বে কিন্তু ৫,০০,০০০.০০ টাকা পর্যন্ত ঋণ প্রস্তাবের ক্ষেত্রে উদ্যোক্তা/গ্যারান্টারের নিকট হতে গৃহিতব্য কাগজপত্র / দলিলপত্র ঃ** | |
| | | **(০১) ওয়ারিশসূত্রে প্রাপ্ত সম্পত্তির ক্ষেত্রে ঃ-** | |
| | | (ক) | এসএ খতিয়ান, সর্বশেষ জরিপের খতিয়ান এবং ঐ খতিয়ান নিজের নামে না থাকলে ওয়ারিশ সার্টিফিকেট ও মিউটেটেড খতিয়ান। |
| | | **(০২) কবলা/দানপত্র/লীজ/দেওয়ানী আদালতের ডিক্রি সূত্রে প্রাপ্ত সম্পত্তির ক্ষেত্রে ঃ-** | |
| | | (ক) | কবলা/দানপত্র/লীজপত্র/দলিলের আসল কপি, দেওয়ানী আদালতের রায়/ডিক্রির সহিমোহর নকল। |
| | | (খ) | কবলা/দানপত্র সূত্রে মালিকানা প্রাপ্ত হলে অন্যান্য খতিয়ানের সাথে দলিল গ্রহীতার নামের খারিজা মিউটেটেড খতিয়ান। আদালতের ডিক্রি সূত্রে মালিকানা প্রাপ্ত হলে সেক্ষেত্রে মিউটেটেড খতিয়ানের আসল অথবা সহি মোহর নকল। |
| | | **(০৩) ঋণ মঞ্জুরীর পর কিন্তু বিতরণের পূর্বে গৃহীতব্য দলিলপত্র ঃ** | |
| | | (ক) | হাল নাগাদ খাজনা পরিশোধের রশিদ; |
| | | **৫,০০,০০০.০০ টাকার উর্ধ্বের প্রকল্প ও চলতি মূলধন ঋণ আবেদনপত্রের সাথে অতিরিক্ত কাগজপত্রাদি ঃ-** | |
| | | (১) | সিটি কর্পোরেশন / পৌরসভা / স্থানীয় কর্তৃপক্ষের নিকট থেকে প্রকল্প স্থাপনের অনুমতিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)। |
| | | (২) | বিসিক কর্তৃক বরাদ্দকৃত জমির মূল বরাদ্দপত্র, দখলী স্বত্ত্ব বুঝিয়ে দেয়ার পত্র, হালনাগাদ কিস্তি পরিশোধের প্রত্যায়ন এবং ঋণ বিতরণের পূর্বে সমূদয় কিস্তি পরিশোধপূর্বক সম্পাদিত মালিকানা দলিল (*প্রযোজ্য ক্ষেত্রে*)। |
| | | (৩) | আয়কর পরিশোধের দালিলিক প্রমাণ (*যদি আয়কর দাতা হন*)। |
| | | (৪) | সরকার বা অন্য কর্তৃপক্ষ কর্তৃক বরাদ্দকৃত জমির ক্ষেত্রে ভূমি মন্ত্রনালয়/সংশ্লিষ্ট কর্তৃপক্ষ হতে ব্যাংকের নিকট জমি বন্ধক রেখে ঋণ গ্রহণে অনাপত্তিপত্র। |
| | | (৫) | নিজস্ব বিনিয়োগের জন্য প্রয়োজনীয় অর্থের উৎস সম্পর্কে ঘোষণা। |
| | | (৬) | প্রকল্প জমির হাতে আঁকা রুট-ম্যাপ। |
| | | (৭) | প্রকল্পের সাইট প্ল্যান/লে-আউট প্ল্যান। |
| | | (৮) | প্রজেক্ট প্রোফাইল, কারিগরী ব্যবস্থাপনা, মোট প্রকল্প ব্যয়, নির্মাণ খরচের বিস্তারিত বিবরণী, আর্থিক বিশ্লেষণ ইত্যাদি। |
| | | (৯) | কোন প্রকৌশলী পরামর্শদাতা প্রতিষ্ঠান/নির্বাহী পুরপ্রকৌশলী (*কমপক্ষে ৫ বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন গ্রাজুয়েট পুরপ্রকৌশলী*) কর্তৃক অনুমোদিত প্রকল্প ইমারতের বিস্তারিত ডিজাইন/ড্রইং (ভিত্তি, কলাম, বীম, ছাদ ও ফ্লোর ইত্যাদি) অথবা নির্মিতব্য কারখানা ঘরের দুই কপি অনুমোদিত নক্সা (প্রযোজ্য ক্ষেত্রে); |
| | | **৫,০০,০০০.০০ টাকার উর্ধ্বের প্রকল্প ও চলতি মূলধন ঋণ আবেদনপত্রের সাথে অতিরিক্ত কাগজপত্রাদি ঃ-** | |
| | | (১০) | প্রকল্পের প্রয়োজনীয় আমদানীযোগ্য বৈদেশিক যন্ত্রপাতির জন্য স্থানীয় ইন্ডেন্টার কর্তৃক দাখিলকৃত ০৩টি প্রতিযোগিতামূলক দরপত্র (*ক্যাটালগ, বিস্তারিত স্পেসিফিকেশনসহ*) (প্রযোজ্য ক্ষেত্রে) ; |
| | | (১১) | স্থানীয় যন্ত্রপাতির ক্ষেত্রে ০৩ টি প্রতিযোগিতামূলক দরপত্র (*প্রয়োজনবোধে ক্যাটালগসহ*)। |
| | | (১২) | পিডিবি/ডেসা/ডেসকো/আরইবি/গ্যাস ট্রান্সঃ এন্ড ডিষ্ট্রিঃ কোঃ হতে বিদ্যুৎ/গ্যাস সরবরাহের সম্মতিপত্র (প্রয়োজনীয় ক্ষেত্রে)। |
| | | (১৩) | পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র (প্রয়োজনীয় ক্ষেত্রে)। |

| | | | |
|---|---|---|---|
| ৬.০০ | **ঋণের আবেদন জমাদান ও নিষ্পত্তিকরণ** | (ক) | ব্যাংকের নির্ধারিত ফরমে (১০০.০০ টাকা মূল্য) ঋণের আবেদন করতে হবে, কোন প্রসেসিং ফি নেই ; |
| | | (খ) | বিবেচ্য ঋণের পরিমান শাখার ঋণ মঞ্জুরী ক্ষমতার মধ্যে হলে আবেদনপত্র গ্রহণের সর্বোচ্চ ১০(দশ) দিনের মধ্যে নিষ্পত্তি করা হবে ; |
| | | (গ) | বিবেচ্য ঋণের পরিমান শাখা ব্যবস্থাপকের ঋণ মঞ্জুরী ক্ষমতার অধিক হলে আবেদনপত্র গ্রহণের সর্বোচ্চ ১০(দশ) দিনের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র এবং সুপারিশসহ উক্ত প্রস্তাব আঞ্চলিক কার্যালয়ে/ প্রধান কার্যালয়ে প্রেরণ করা হবে ; |
| | | (ঘ) | আঞ্চলিক কার্যালয়ে / প্রধান কার্যালয়ে প্রাপ্ত ঋণ প্রস্তাব ব্যবস্থাপনা পরিচালকের মঞ্জুরী ক্ষমতা পর্যন্ত নিষ্পত্তিযোগ্য হলে প্রস্তাব প্রাপ্তির সর্বোচ্চ ০৫ (পাঁচ) দিন এবং পরিচালনা বোর্ডের মঞ্জুরী ক্ষমতার মধ্যে নিষ্পত্তিযোগ্য হলে প্রস্তাব প্রাপ্তির সর্বোচ্চ ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে নিষ্পত্তি করা হবে। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৭.০০ | **ঋণের খাত** | ঃ | **১। মৎস্য সম্পদ ঃ**<br>মৎস্য চাষ : কার্প জাতীয়, মৎস্য চাষ : পাংগাস, মৎস্য চাষ : চিংড়ী, রেনু পোনা উৎপাদন (পুকুরে), মনোসেক্স তেলাপিয়া চাষ, মৎস্য চাষ (মিশ্র), থাই কৈ মাছ চাষ ।<br><br>**২। প্রাণী সম্পদ**<br>দুগ্ধ খামার, গরুমোটাতাজাকরণ, ছাগল/ ভেড়া / মহিষ পালন, ব্রয়লার মুরগীর খামার, লেয়ার মুরগীর খামার । | **৩। শিল্প-কারখানা**<br>মৎস্য হ্যাচারী, পোল্ট্রি হ্যাচারী, কৃষি যন্ত্রপাতি তৈরীর কারখানা, প্রাণী খাদ্য তৈরীর কারখানা, মৎস্য খাদ্য তৈরীর কারখানা, চিড়া / মুড়ি কল/ শিল্প, ধানের চাতাল / রাইস মিল, বেকারী শিল্প, অয়েল মিল, স'মিল, ফলজাত খাদ্য শিল্প (জ্যাম, জেলী, জুস, আচার, শরবত, সিরাপ, সস), সুষম সার প্রস্তুত শিল্প, আটা, ময়দা, সুজি প্রস্তুত করণ, ডিজাইন ও ফ্যাশনওয়্যার, স্টার্চ, গ্লুকোজ ডাইট্রোজ উৎপাদনকারী শিল্প, আইসক্রিম ফ্যাক্টরী, গুড়া মসলা উৎপাদনকারী শিল্প, সুগন্ধী চাল উৎপাদনকরণ, ডাল প্রক্রিয়াজাতকরণ, জর্দ্দা প্রস্তুতকারী, নারিকেল তেল উৎপাদন, বীজ প্রক্রিয়াজাতকরণ, রাবার প্রক্রিয়াজাতকরণ, চামড়া শিল্প । | **৪। ক্ষুদ্র ও কুটির শিল্প**<br>মৃৎ শিল্প, কামারের কাজ, ব্লক-বাটিক প্রিন্টিং, গ্রামীণ স্যানিটারী-ল্যাট্রিন তৈরী, তাঁত শিল্প, কাঠের/ স্টীলের আসবাবপত্র তৈরী, রেশম বস্ত্র উৎপাদনকারী শিল্প, কৃষি যন্ত্রপাতি তৈরী, মোমবাতি / আগরবাতি/ গোলাপজল / দাঁতের মাজন/কয়েল তৈরী, বাঁশ ও বেত শিল্প, যন্ত্রাংশ তৈরীর কারখানা, ক্ষুদ্র প্রিন্টিং এবং সাইনবোর্ড তৈরী, চামড়াজাত শিল্প, শুটকি মাছ প্রক্রিয়াকরণ, আইসক্রীম / বরফকল । |
| | | ঃ | **৫। অন্যান্য উৎপাদনশীল প্রকল্প**মাশরুম চাষ, সবজি চাষ, সেরিকালচার (রেশম চাষ), ফল চাষ, মৌমাছি চাষ, নকশীকাঁথা তৈরী, পান বরজ, নার্সারী, ফুল চাষ ।<br>**৬। সেবা খাত**সেলুন/লন্ড্রী, বিউটি পার্লার এবং হারবাল ট্রিটমেন্ট, পাওয়ার টিলার, কম্পিউটার সেবা, ফটোকপি সেবা, টিভি/ভিসিআর/ বৈদ্যুতিক সরঞ্জামাদি / মোবাইল ফোন মেরামত, গ্রামীণ যানবাহন, সেলাই মেশিন, লাইট ইঞ্জিনিয়ারিং / গাড়ী মেরামত ওয়ার্কশপ, ডায়াগনষ্টিক সেন্টার / ক্লিনিক / দন্ত চিকিৎসা, স্টুডিও, শিক্ষা সেবা (কোচিং সেন্টার/ কিন্ডার গার্ডেন), ক্যাবল অপারেটরস, জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ বিতরণ, কমিউনিটি সেন্টার, বিনোদন পার্ক, আবাসিক হোটেল, পর্যটন কটেজ, সোলার পাওয়ার, সাইবার ক্যাফে। | **৭। বাণিজ্যিক খাত ।**<br>মুদি/মনোহরী, ডিপার্টমেন্টাল স্টোর, কাপড়ের ব্যবসা / তৈরী পোষাক ব্যবসা, প্রাণী খাদ্য / মৎস্য খাদ্য বিক্রয়, ধান / চাল/ অন্যান্য কৃষি পণ্য ক্রয়-বিক্রয়, সার / বীজ / কীটনাশক ব্যবসা, পার্টসের দোকান, ইলেকট্রিক সামগ্রী, ইলেকট্রনিক্স সামগ্রী, ঔষধ ব্যবসা, সুটকী মাছ ব্যবসা, পাথর উত্তোলন ও বিক্রয়, বালি ক্রয় / বিক্রয় ব্যবসা, পুরাতন লোহালক্কর (স্ক্রেপ / ভাঙ্গারী ) ব্যবসা, জুতার ব্যবসা, ক্রোকারিজ সামগ্রী ক্রয় বিক্রয়, হার্ডওয়ার ব্যবসা, হোটেল / রেষ্টুরেন্ট ব্যবসা, আসবাবপত্র বিক্রয়, অন্যান্য ব্যবসা / বিভিন্ন ধরনের ক্ষুদ্র ব্যবসা। | |

| ৮.০০ | কর্মসূচী ভেদে ব্যবসায়িক ক্ষমতা ও ঋণ মঞ্জুরী সীমা ঃ | ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ / কর্মকর্তা | ক্ষমতার সীমা |
|---|---|---|---|
| ৮.০১ | ব্যাংকের নিজস্ব কর্মসূচী | (১) পরিচালনা বোর্ড | ঃ ১০.০০ লক্ষ টাকার উর্ধে যে কোন অংক |
| | | (২) ব্যবস্থাপনা পরিচালক | ঃ সর্বোচ্চ ১০.০০ লক্ষ টাকা ; |
| | | (৩) মহাব্যবস্থাপক (পরিচালন) | ঃ সর্বোচ্চ ৬.০০ লক্ষ টাকা ; |
| | | (৪) ঋণ ও অগ্রিম বিভাগের দায়িত্বে নিয়োজিত উপ-মহাব্যবস্থাপক/ সহকারী মহাব্যবস্থাপক | ঃ সর্বোচ্চ ৪.০০ লক্ষ টাকা ; |
| | | (৫) আঞ্চলিক ব্যবস্থাপক | ঃ সর্বোচ্চ ৩.০০ লক্ষ টাকা ; |
| | | (৬) ব্যবস্থাপক, প্রধান শাখা, ঢাকা | ঃ সর্বোচ্চ ৩.০০ লক্ষ টাকা ; |
| | | (৭) শাখা ব্যবস্থাপক, জেলা পর্যায় | ঃ সর্বোচ্চ ১.৫০ লক্ষ টাকা ; |
| | | (৮) মেট্রোপলিটন এলাকার শাখা ব্যবস্থাপক | ঃ সর্বোচ্চ ১.৫০ লক্ষ টাকা ; |
| | | (৯) শাখা ব্যবস্থাপক, উপজেলা পর্যায় | ঃ সর্বোচ্চ ১.০০ লক্ষ টাকা ; |
| ৮.০২ | কৃষি ভিত্তিক শিল্পে ঋণ সহায়তা কর্মসূচী | (১) পরিচালনা বোর্ড | ঃ ১০.০০ লক্ষ টাকার উর্ধে যে কোন অংক |
| | | (২) ব্যবস্থাপনা পরিচালক | ঃ সর্বোচ্চ ১০.০০ লক্ষ টাকা ; |
| | | (৩) মহাব্যবস্থাপক (পরিচালন) | ঃ সর্বোচ্চ ৬.০০ লক্ষ টাকা ; |
| | | (৪) ঋণ ও অগ্রিম বিভাগের দায়িত্বে নিয়োজিত উপ-মহাব্যবস্থাপক/ সহকারী মহাব্যবস্থাপক | ঃ সর্বোচ্চ ৪.০০ লক্ষ টাকা; |
| | | (৫) আঞ্চলিক ব্যবস্থাপক | ঃ সর্বোচ্চ ৩.০০ লক্ষ টাকা ; |
| | | (৬) ব্যবস্থাপক, প্রধান শাখা, ঢাকা | ঃ সর্বোচ্চ ৩.০০ লক্ষ টাকা ; |
| ৮.০৩ | শিল্প কলকারখানায় স্বেচ্ছায় অবসর / কর্মচ্যুত শ্রমিক/ কর্মচারীদের পুন:প্রশিক্ষণ ও কর্মসংস্থান কর্মসূচী | (১) শাখা ব্যবস্থাপক | ঃ সর্বোচ্চ ৭৫,০০০.০০ টাকা স্থিরকৃত (Fixed) |

| | | | |
|---|---|---|---|
| ৯.০০ | সুদের হার (সরল সুদ) | (ক) | উৎপাদনশীল ও সেবামূলক খাতের ঋণের ক্ষেত্রে বার্ষিক শতকরা ১১ টাকা *(Flat Rate)*, ঋণটি মেয়াদোত্তীর্ণ হলে ১% যোগ করে সুদারোপাযোগ্য ; |
| | | (খ) | বানিজ্যিক খাতের ঋণের ক্ষেত্রে বার্ষিক শতকরা ১৩ টাকা *(Flat Rate)*, ঋণটি মেয়াদোত্তীর্ণ হলে ১% যোগ করে সুদারোপযোগ্য ; |
| | | (গ) | কৃষিভিত্তিক শিল্প খাতে বার্ষিক ৮% - ৯ % |
| | | (ঘ) | ক্ষুদ্র ব্যবসায়িক ঋণ কর্মসূচী বার্ষিক - ১৩ % |
| | | | ** ব্যাংকের সুদের হার পরিবর্তনযোগ্য।* |

| | | | |
|---|---|---|---|
| ১০.০০ | ঋণের চার্জ ডকুমেন্টস্ | | |
| ১০.০১ | <u>১,০০,০০০.০০ টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে ঃ</u> | | |
| | | (ক) | ঋণ গ্রহীতা ও গ্যারান্টার কর্তৃক স্বাক্ষরিত ডবল পার্টি ডিপি নোট এবং ডিপি নোট ডেলিভারী লেটার (স্ট্যাম্প বিহীন) ; |
| | | (খ) | প্রকল্প/ব্যবসা প্রতিষ্ঠানের সকল অস্থাবর সম্পত্তি/মালামাল ব্যাংকের নিকট হাইপোথিকেশনে রাখার জন্য ঋণ গ্রহীতা কর্তৃক স্বাক্ষরিত হাইপোথিকেশন ডিড ; |
| | | (গ) | ঋণ গ্রহীতার সম্পত্তির মূল দলিল/দলিলপত্র জমা রাখার জন্য ঋণ গ্রহীতার স্বাক্ষরিত স্মারকলিপি ;<br>অথবা<br>তৃতীয় পক্ষের গ্যারান্টি থাকবে। |

| | | | |
|---|---|---|---|
| ১০.০২ | | **১,০০,০০১.০০ থেকে ৫,০০,০০০.০০ টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে ঃ** | |
| | | (ক) | ঋণ গ্রহীতা ও গ্যারান্টার কর্তৃক স্বাক্ষরিত ডবল পার্টি ডিপি নোট এবং ডিপি নোট ডেলিভারী লেটার (স্ট্যাম্প বিহীন) ; |
| | | (খ) | প্রকল্প/ব্যবসা প্রতিষ্ঠানের সকল অস্থাবর সম্পত্তি/মালামাল ব্যাংকের নিকট হাইপোথিকেশনে রাখার জন্য ঋণ গ্রহীতা কর্তৃক স্বাক্ষরিত হাইপোথিকেশন ডিড ; |
| | | (গ) | ঋণ গ্রহীতার সম্পত্তির মূল দলিল / দলিলপত্র জমা রাখার জন্য ঋণ গ্রহীতার স্বাক্ষরিত স্মারকলিপি ;<br>অথবা<br>তৃতীয় পক্ষের ব্যক্তিগত গ্যারান্টি ও গ্যারান্টারের সম্পত্তির মূল দলিল/দলিলপত্র জমা রাখার জন্য তার স্বাক্ষরিত স্মারকলিপি। |

| | | | |
|---|---|---|---|
| ১০.০৩ | | **৫.০০ (পাঁচ) লক্ষ টাকার উর্ধ্বে ঋণের ক্ষেত্রে ঃ** | |
| | | (ক) | ঋণ গ্রহীতা ও গ্যারান্টার কর্তৃক স্বাক্ষরিত ডবল পার্টি ডিপি নোট এবং ডিপি নোট ডেলিভারী লেটার (স্ট্যাম্প বিহীন) ; |
| | | (খ) | প্রকল্প/ব্যবসা প্রতিষ্ঠানের সকল অস্থাবর সম্পত্তি/মালামাল ব্যাংকের নিকট হাইপোথিকেশনে রাখার জন্য ঋণ গ্রহীতা কর্তৃক স্বাক্ষরিত হাইপোথিকেশন ডিড ; |
| | | (গ) | ঋণ গ্রহীতার সম্পত্তির মূল দলিল/দলিলপত্র এবং রেজিস্ট্রার্ড বন্ধকী দলিল ;<br>অথবা<br>তৃতীয় পক্ষের ব্যক্তিগত গ্যারান্টি ও গ্যারান্টারের সম্পত্তির মূল দলিল/দলিলপত্র এবং রেজিষ্টার্ড বন্ধকী দলিল। |

| | | | |
|---|---|---|---|
| ১১.০০ | **ঋণের মেয়াদ ও পরিশোধসূচী** | (ক) | সাধারণত: ২ বছর। তবে প্রকল্পের প্রকৃতি, আকার, সম্ভাব্য মুনাফা ও ঋণ-পরিশোধের ক্ষমতা বিবেচনা করে ঋণের মেয়াদ ১ বছর থেকে সর্বোচ্চ ৫ বছর হতে পারে ; |
| | | (খ) | উৎপাদিত পণ্য/সেবার বিপণন/বাজারজাতকরণের উপর ভিত্তি করে মাসিক/ ত্রৈমাসিক / ষান্মাসিক / এককালীন কিস্তির পরিশোধসূচী দেয়া হবে। |
| | | (গ) | মেয়াদপূর্তির আগে ঋণ পরিশোধ করে কোন ঋণগ্রহণের ক্ষেত্রে *Early Settlement Fee (ESF)* আদায় করা হবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২.০০ | **মাসিক সঞ্চয় (বাধ্যতামূলক)** | **ঋণের পরিমাণ** | **মাসিক সঞ্চয়** | **সঞ্চয়ের টাকা উত্তোলন** |
| | | ৫০,০০০.০০ টাকা পর্যন্ত | ১০০.০০ টাকা | ঋণের হিসাব বন্ধ হলে এবং পুন:ঋণ না নিলে সঞ্চয়ের টাকা উত্তোলন করা যাবে। |
| | | ৫০,০০১.০০ টাকা হতে ১,০০,০০০.০০ টাকা পর্যন্ত | ১৫০.০০ টাকা | |
| | | ১,০০,০০১.০০ টাকা হতে ৩,০০,০০০.০০ টাকা পর্যন্ত উপরে | ২০০.০০ টাকা | |
| | | ৩,০০,০০১.০০ টাকা হতে ৫,০০,০০০.০০ টাকা পর্যন্ত | ৩০০.০০ টাকা | |
| | | ৫,০০,০০০.০০ টাকার উর্দ্ধে | ৫০০.০০ টাকা | |

| | | | |
|---|---|---|---|
| ১৩.০০ | **স্ট্যাম্প খরচ** *(ঋণ গ্রহীতা বহন করবেন)* | বলবৎ ষ্ট্যাম্প এ্যাক্ট অনুযায়ী চার্জ ডকুমেন্টে নিম্নরূপ মূল্যমানের ষ্ট্যাম্প ব্যবহৃত হবে *(ষ্ট্যাম্প এ্যাক্ট পরিবর্তনের সাথে সাথে পরিবর্তনযোগ্য)* ঃ | |
| | | ডিপি নোট / ডবল পার্টি ডিপি নোট ঃ | (ক) ২০০০.০০ টাকা মূল্যমানের জন্য ১০.০০ টাকা ;<br>(খ) ২০০০.০০ টাকার উর্ধ্বে ১০,০০০.০০ টাকা পর্যন্ত মূল্যমানের জন্য ২০.০০ টাকা ;<br>(গ) ১০,০০০.০০ টাকার উর্ধ্বমূল্যমানের জন্য ৫০.০০ টাকা। |
| | | ডিপি নোট ডেলিভারী লেটার ঃ | স্ট্যাম্প বিহীন ; |
| | | লেটার অব হাইপোথিকেশন ঃ | ৩০০.০০ টাকা মূল্যের *Adhessive Stamp* যুক্ত; |
| | | মূল দলিল জমা রাখার স্মারক লিপি ঃ | ৩০০.০০ টাকা মূল্যের *Adhessive Stamp* যুক্ত; |
| | | তৃতীয় পক্ষের গ্যারান্টি ঃ | ৩০০.০০ টাকার *Adhessive Stamp* ছাপানো ফরমে লাগাতে হবে। |
| | | রেজিষ্টার্ড বন্ধক দলিল ও আম মোক্তারনামা ঃ | বলবৎ রেজিষ্ট্রেশন আইন অনুসারে প্রযোজ্য; |

| | | | |
|---|---|---|---|
| ১৪.০০ | **মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কীম** | (ক) | ব্যাংকের নিজস্ব কর্মসূচীর আওতায় প্রত্যেক ঋণ গ্রহীতাকে মৃত্যু ঝুঁকি আচছাদন স্কীমের সদস্য হতে হবে ; |
| | | (খ) | প্রত্যেক সদস্যকে মঞ্জুরীকৃত ঋণ সীমার উপর ঋণ গ্রহণের সময় মঞ্জুরীকৃত ঋণের মেয়াদ ০১ (এক) বছর হলে ০.৪০% হারে, মঞ্জুরীকৃত ঋণের মেয়াদ ০১ (এক) বছরের বেশি তবে ০২ (দুই) বছর পর্যন্ত ০.৫০% হারে এবং মঞ্জুরীকৃত ঋণের মেয়াদ ০২(দুই) বছরের উর্ধ্বে হলে ০.৬০% হারে চাঁদা (অফেরতযোগ্য) নগদে পরিশোধ করতে হবে ; |
| | | (গ) | ঋণের মেয়াদকালে ঋণ গ্রহীতার মৃত্যু হলে এবং হিসাবটি নিয়মিত থাকলে কর্মসংস্থান ব্যাংকের পাওনা এ স্কীম হতে সমন্বয় করা হবে। মৃতের উত্তরাধিকারীগণকে কোন দায় বহন করতে হবে না, তবে তারা নগদে কোন আর্থিক সুবিধা পাবেন না। |

| | | | |
|---|---|---|---|
| ১৫.০০ | **সতর্কতা** | ঃ | **গ্রাহকগণকে নিজ স্বার্থে নিম্নোক্ত বিষয়সমূহে সতর্ক থাকতে হবে-** |
| | | (ক) | ঋণের টাকা নগদে প্রদান করা হয় না। কেবলমাত্র ঋণ গ্রহীতার নামে *Order* চেক অথবা *A/C Payee* চেকের মাধ্যমে বিতরণ করা হয়। ঋণের টাকা সার্ভিস ব্যাংক থেকে বুঝে নিতে হবে ; |
| | | (খ) | চেকের পিছনে স্বাক্ষর দিয়ে চেক নিজে নগদায়ন করতে হবে। অন্যের কাছে চেক হস্তান্তর করা যাবে না ; |
| | | (গ) | রশিদ ছাড়া কোন প্রকার লেনদেন করা যাবে না ; |
| | | (ঘ) | ঋণের জন্য সরাসরি ব্যাংকের ব্যবস্থাপক/কর্মকর্তার সাথে যোগাযোগ করতে হবে। কোন তৃতীয় পক্ষ বা ব্যক্তির সাহায্য নেয়া যাবে না। |

| ১৬.০০ | অঞ্চলের নাম | ঃ | শাখার নাম ঃ |
|---|---|---|---|
| | ঢাকা | ঃ | প্রধান শাখা, ঢাকা; নারায়নগঞ্জ, মুন্সীগঞ্জ, দোহার, কেরানীগঞ্জ, সিরাজদিখান, রূপগঞ্জ, নবাবগঞ্জ, উত্তরা, ডেমরা, লালবাগ, শ্রীনগর, বাড্ডা, মিরপুর, সোনারগাঁও ও মোহাম্মদপুর। |
| | গাজীপুর | ঃ | গাজীপুর, নরসিংদী, কালীগঞ্জ, কালিয়াকৈর, মানিকগঞ্জ, শ্রীপুর, সাভার, সিংগাইর, মনোহরদী, কাপাসিয়া ও ধামরাই শাখা। |
| | ময়মনসিংহ | ঃ | ময়মনসিংহ, নেত্রকোনা, কিশোরগঞ্জ, ভৈরব, ভালুকা, বারহাট্টা, ফুলপুর, হোসেনপুর, কুলিয়ারচর, ঈশ্বরগঞ্জ, ফুলবাড়ীয়া, পাকুন্দিয়া, গফরগাঁও, গৌরিপুর, মোহনগঞ্জ, মুক্তাগাছা, কটিয়াদি, বাজিতপুর। |
| | জামালপুর | ঃ | টাঙ্গাইল, জামালপুর, শেরপুর, ঘাটাইল, সরিষাবাড়ী, মেলান্দহ, নকলা, কালিহাতি, সখিপুর, মাদারগঞ্জ, মধুপুর ও দেওয়ানগঞ্জ শাখা। |
| | ফরিদপুর | ঃ | ফরিদপুর, শরীয়তপুর, শিবচর, সালথা, ডামুড্যা, পাংশা, আলফাডাঙ্গা, মাদারীপুর, গোপালগঞ্জ, রাজবাড়ী, টুংগীপাড়া, কোটালীপাড়া, কাশিয়ানী, মুকসেদপুর, রাজৈর ও কালকিনি। |
| | চট্টগ্রাম | ঃ | চট্টগ্রাম, রাঙ্গামাটি, কক্সবাজার, খাগড়াছড়ি, বান্দরবান, সীতাকুন্ড, চকরিয়া, কাপ্তাই, রাঙ্গুনিয়া, পটিয়া ও আনোয়ারা। |
| | কুমিল্লা | ঃ | কুমিল্লা, চাঁদপুর, ব্রাক্ষণবাড়ীয়া, মতলব, চান্দিনা, নাঙ্গলকোট, নবীনগর, শাহরাস্তি, মুরাদনগর, দেবিদ্বার, কচুয়া, চৌদ্দগ্রাম, লাকসাম, কসবা, হাজিগঞ্জ ও ব্রাহ্মণপাড়া। |
| | নোয়াখালী | ঃ | নোয়াখালী, লক্ষ্মীপুর, ফেনী, চাটখিল, ফুলগাজি, চৌমুহনী, রামগঞ্জ, বসুরহাট, সোনাইমুড়ি, রায়পুর। |
| | রাজশাহী | ঃ | রাজশাহী, পাবনা, নাটোর, সিরাজগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ, বেড়া, পুঠিয়া, বড়াইগ্রাম, গোমস্তাপুর, উল্লাপাড়া, বেলকুচি, ফরিদপুর (পাবনা) ও মোহনপুর। |
| | রংপুর | ঃ | দিনাজপুর, রংপুর, ঠাকুরগাও, নীলফামারী, লালমনিরহাট, মিঠাপুকুর, কুড়িগ্রাম, নাগেশ্বরী, পঞ্চগড়, গাইবান্ধা, হাতীবান্ধা, বোদা, কিশোরগঞ্জ, রাণীশংকৈল, বিরামপুর, পীরগঞ্জ, উলিপুর, বিরল, পীরগাছা ও পাবর্তীপুর । |
| | বগুড়া | | বগুড়া, সারিয়াকান্দি, নওগা, জয়পুরহাট, গাইবান্ধা, পলাশবাড়ী, কালাই, পত্নীতলা, ক্ষেতলাল, আত্রাই ও সোনাতলা। |
| | খুলনা | ঃ | খুলনা, যশোর, বাগেরহাট, নড়াইল, সাতক্ষীরা, অভয়নগর, ফুলতলা, কালীগঞ্জ, মংলা, কালিয়া, মোড়লগঞ্জ ও চিতলমারী শাখা। |
| | কুষ্টিয়া | ঃ | কুষ্টিয়া, ঝিনাইদহ, চুয়াডাঙ্গা, মেহেরপুর, মাগুরা, কুমারখালী, আলমডাঙ্গা, গাংনী, শালিখা, কোর্টচাঁদপুর ও শৈলকুপা শাখা। |
| | বরিশাল | | বরিশাল, পটুয়াখালী, বরগুনা, পাথরঘাটা, বাউফল, গৌরনদী, কলাপাড়া, বাকেরগঞ্জ, গলাচিপা, বেতাগী, উজিরপুর, ভোলা, ঝালকাঠী, পিরোজপুর, নেছারাবাদ, কাঠালিয়া, চরফ্যাশন, বানারীপাড়া ও মুলাদী। |
| | সিলেট | ঃ | সিলেট, হবিগঞ্জ, নবীগঞ্জ, কুলাউড়া, মৌলভীবাজার, সুনামগঞ্জ, শ্রীমঙ্গল, কোম্পানীগঞ্জ, ছাতক, জৈন্তাপুর, গোয়াইন ঘাট, দক্ষিণ সুরমা, বানিয়াচং, বিশ্বনাথ ও বালাগঞ্জ। |

| ১৭.০০ | ফোকাল পয়েন্ট | ঃ | **সেবা সংক্রান্ত তথ্যের জন্য যার সাথে যোগাযোগ করবেন ঃ** |
|---|---|---|---|
| | শাখা | ঃ | সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক |
| | আঞ্চলিক কার্যালয় | ঃ | সংশ্লিষ্ট আঞ্চলিক ব্যবস্থাপক |
| | প্রধান কার্যালয় | ঃ | **উপ-মহাব্যবস্থাপক** |
| | | | **ঋণ ও অগ্রিম বিভাগ** |
| | | | কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, |
| | | | কর্মসংস্থান ব্যাংক ভবন |
| | | | ১, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০ |
| | | | ফোন : ৯৫৭১৭৭৯। |

| ১৮.০০ | **অফিস সময়-সূচী** |
| --- | --- |
| | সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত প্রতিদিন সকাল ১০.০০ টা থেকে বিকেল ৬.০০ টা পর্যন্ত । |
| | শাখায় সকাল ১০.০০ টা থেকে বিকেল ৪.০০ টা পর্যন্ত কিস্তির টাকা জমা দেয়া যাবে।<br>বিশেষক্ষেত্রে যৌক্তিক কারণ দর্শিয়ে নির্ধারিত সময়ের পরও কিস্তির টাকা জমা দেয়া যাবে। |